একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

Web: http:/pbs3.comilla.gov.bd, ই-মেইল ঃ comillapbs3@gmail.com



স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০১.০১৩.২৬-৫০০৬

তারিখঃ ১৮ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ নভেম্বর , ২০২৬ খ্রিস্টাব্দ

"জমি ক্রয়ের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর আওতায় নিম্নোক্ত ০৪ (চার) টি বৈদ্যুতিক উপকেন্দ্র' নির্মাণের লক্ষ্যে নিম্নবর্ণিত এলাকায় সমিতির নিজস্ব অর্থায়নে জমি ক্রয় করা হবে। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত এলাকায় জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে বিস্তারিত তথ্যাদি সহকারে দরপত্র/আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র. নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম, ধরণ এবং ক্ষমতা	জমির পরিমাণ	উপজেলা ও জেলার নাম	জমির অবস্থান
১	২	৩	৪	৫
০১।	গজারিয়া-৭, ৩৩/১১ KV-১০/১৪ MVA উপকেন্দ্র।	৪০ শতাংশ	গজারিয়া, মুন্সিগঞ্জ	নয়ানগর অথবা তার পাশ্ববর্তী এলাকায় প্রশস্ত ও পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।
০২।	তিতাস-২, ৩৩/১১ KV-১০/১৪ MVA উপকেন্দ্র।	৪০ শতাংশ	তিতাস, কুমিল্লা	কড়িকান্দি অথবা তার পাশ্ববর্তী এলাকায় প্রশস্ত ও পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।
০৩।	দাউদকান্দি-৫, ৩৩/১১ KV-১০/১৪ MVA উপকেন্দ্র।	৪০ শতাংশ	দাউদকান্দি, কুমিল্লা	খলিশা অথবা তার পাশ্ববর্তী এলাকায় প্রশস্ত ও পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।
০৪।	বাঞ্ছারামপুর-৩, ৩৩/১১ KV-১০/১৪ MVA উপকেন্দ্র।	৪০ শতাংশ	বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া	কদমতলী অথবা তার পাশ্ববর্তী এলাকায় প্রশস্ত ও পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।

 # প্রযোজ্য শর্তাবলী:

০১। বর্ণিত বর্ণনানুযায়ী প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য ৪০ (চল্লিশ) শতাংশ জমি (উল্লেখ্য যে, জমির পরিমাণ কম/বেশি হতে পারে) উল্লিখিত স্থানে (কলাম-৫ এ বর্ণিত) হতে হবে।

০২। প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য একটি দাগে বর্ণিত পরিমাণ জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন।

০৩। যে বৈদ্যুতিক উপকেন্দ্রের জন্য জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করবেন তা স্পষ্টভাবে উল্লেখ্য করতে হবে।

০৪। বিক্রয়তব্য জমি অবশ্যই নিষ্কন্টক হতে হবে। দরপত্র/আবেদনের সাথে জমির দৈর্ঘ্য ও প্রস্থ এবং প্রতি শতাংশ জমির একক মূল্য (টাকায়) ও জমির মোট পরিমাণের হিসেবে সর্বমোট মূল্য (টাকায়) উল্লেখসহ জমির দলিলের ফটোকপি; সিএস, এসএ, আরএস এবং বিএস (প্রস্তাবিত) পর্চা/খতিয়ান- এর ফটোকপি; জমির নামজারির ফটোকপি; সর্বশেষ খাজনা/ভূমি কর পরিশোধের ফটোকপি; বায়া দলিলের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌজা ম্যাপ এর ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।

০৫। বিক্রয়তব্য জমির বিপরীতে প্রযোজ্য দর দাখিল পরবর্তী কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নির্ধারিত জমি ক্রয় কমিটি কর্তৃক জমির ক্রয়ের নির্ধারিত গাইডলাইন অনুসরণ করতঃ জমির মালিক/মালিকগণের সাথে দাখিলকৃত দর কমানোর ক্ষেত্রে প্রযোজ্য নেগোসিয়েশন সম্পন্ন করবেন এবং যৌক্তিক দর নির্ধারণ করবেন। এক্ষেত্রে, জমির মালিক/মালিকগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

০৬। নিয়মানুযায়ী প্রযোজ্য যাচাই-বাছাই সম্পন্ন করতঃ ক্রয়ের জন্য নির্ধারিত জমির মূল্য জমির মালিক/মালিকগণের নামে 'একাউন্ট পেয়ী চেকের' মাধ্যমে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক পরিশোধ করা হবে এবং সরকারী নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশন বাবদ যাবতীয় ব্যয় ক্রেতা অর্থাৎ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক বহন করা হবে। তবে সরকারী নিয়মানুযায়ী বিক্রয়তব্য জমির মূল্যের বিপরীতে প্রযোজ্য 'উৎসে কর' জমির মালিক/মালিকগণকে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

এমতাবস্থায়, বর্ণিত এলাকা সমূহে উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে অথবা আগ্রহী প্রতিষ্ঠানকে **'আগামী ০১/১২/২০২৬ খ্রি. এর মধ্যে'** প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতঃ 'সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা' বরাবর দরপত্র/আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বর্ণিত বিষয়ে আরও বিস্তারিত তথ্যের জন্য 'সিনিয়র জেনারেল ম্যানেজার- এর কার্যালয়, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা' এই ঠিকানায় স্বশরীরে যোগাযোগ করা যাবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল নং-০১৭৬৯-৪০৭০১৮ [ডিজিএম (সদর-কারিগরী)] ও ০১৭৬৯-৪০২০০০ [এজিএম (প্রশাসন)] এর সাথে যোগাযোগ করা যাবে।

০৩.১২.২০২৫

(মোঃ মজিবুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (অত্র বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, কুমিল্লা/মুন্সিগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া।
০৩। পুলিশ সুপার, কুমিল্লা/মুন্সিগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।-(অত্র বিজ্ঞপ্তিটি বাপবিবো- এর Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ/গণপূর্ত বিভাগ, কুমিল্লা।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, কুমিল্লা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,,..... পবিস১/২/৩/৪।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, তিতাস/দাউদকান্দি/গজারিয়া/বাঙ্গারামপুর উপজেলা।
১০। ডিজিএম, সদর-কারিগরী/দাউদকান্দি/গজারিয়া/ বাঙ্গারামপুর জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩।
১১। এজিএম, তিতাস সাব জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩।
১২। এজিএম, অর্থ-হিসাব/এমএস/ ওএন্ডএম/ইএন্ডসি, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩।
১৩। এজিএম (আইটি), কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩। -(অত্র বিজ্ঞপ্তিটি কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৪। জনাব/মেসার্স.....।
১৫। নোটিশ বোর্ড, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

০৩.১২.২০২৫

(মোঃ মজিবুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার